# 10052 - হায়েযগ্রস্ত নারী কখন রোযা রাখবেন?

প্রশ্ন

আমার মাসিক সাতদিন থেকে আটদিন হয়ে থাকে। কখনও কখনও সপ্তম দিনে আমি আর রক্ত দেখি না; পবিত্রতাও দেখি না। এমতাবস্থায় নামায পড়া, রোযা রাখা ও সহবাসে লিপ্ত হওয়ার বিধান কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আপনি তাড়াহুড়া করবেন না; যতক্ষণ পর্যন্ত না সাদাস্রাব দেখতে পান; যে স্রাবটি নারীরা চিনে থাকেন। এ সাদাস্রাব হচ্ছে পবিত্র হওয়ার আলামত। কেবল রক্তস্রাব বন্ধ হয়ে যাওয়াই পবিত্রতা নয়। বরং পবিত্রতা অর্জিত হয় পবিত্রতার আলামত দেখা যাওয়া ও নির্দিষ্ট সময় শেষ হওয়ার মাধ্যমে।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।